

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**খাদ্য অধিদপ্তর**  
**চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা**  
**১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।**  
**www.dgfood.gov.bd**

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.২৫.৩০২৮

নং মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়:** বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ২,৯০০ মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-৩৭)।

- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ০৬-০১-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.২০৬০ স্মারক  
 ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা এর ১৫-০১-২০২৫ খ্রি. ১৩.০১.৭২০০.০০১.০৩.০০২.২৪.৩০ নং স্মারক  
 ৩। ব্যবস্থাপকের কার্যালয়, কেন্দ্রীয় খাদ্য সংরক্ষণাগার ময়মনসিংহ এর ২০-০১-২০২৫ খ্রি. ১৩.০২.৬১০০.০২৩.৫০.০০২.২৫.৫৭ নং স্মারক  
 ৪। খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ৩১-১২-২০২৪ খ্রি. ১৩.০০.০০০০.০৮৬.৩৩.০০১.২৪.২৯৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল ও ময়মনসিংহ বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডিসমূহে জানুয়ারি ও ফেব্রুয়ারি' ২৫ মাসে ওএমএস, কাবিখা, ইপি ওপিসহ অন্যান্য জরুরি খাতে বিলি-বিতরণের ও আপদকালিন মজুত গড়ে তোলার নিমিত্তে গমের চাহিদা সূত্রস্থ ১ নং হতে ৩ নং স্মারকসমূহে এ দপ্তরে প্রাপ্ত হয়েছে। সূত্রস্থ ৪ নং স্মারকে ওএমএস কার্যক্রমে জানুয়ারি ও ফেব্রুয়ারি' ২৫ খ্রি. মাসে বরাদ্দকৃত গম ৩০ জানুয়ারি ২০২৫ তারিখে উত্তোলনের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, ময়মনসিংহ ও বরিশাল বিভাগের স্থাপনাসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণ ও আপতকালীন মজুত গড়ে তোলার নিমিত্তে সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক ও নৌ পথে মোট ২,৯০০ (দুই হাজার নয়শত) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে জারি করা হলো।

**(ক) সড়ক পথে গমের চলাচলসূচি:**

ক্. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	নেত্রকোণা	নেত্রকোণা এলএসডি	৩০০	বন্তাবন্দি গম	সড়ক পথ	আখানি, ঢাকা উপসূচি জারি করবেন
২.	ঐ	ঐ	ময়মনসিংহ	ময়মনসিংহ সিএসডি	২০০০	ঐ	ঐ	
						মোট =	২,৩০০	

**(খ) নৌপথে গমের চলাচলসূচি:**

ক্. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	বাগেরহাট	মোংলা সাইলো	বরিশাল	বরিশাল এলএসডি	৬০০	বন্তাবন্দি গম	নৌপথ	চসনি, খুলনা উপসূচি জারি করবেন
						মোট =	৬০০	
						সর্বমোট =	২,৯০০ (দুই হাজার নয়শত)	

**নির্দেশনাসমূহ:**

- ১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো ও মোংলা সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অন্ত দশ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উভে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাঙ্কণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।


৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্থাপিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ২৯-০১-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
২৩-০১-২০২৫  
মোঃ আনিচুর রহমান  
সহকারি উপপরিচালক

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।

- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।
- ৩। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা, খুলনা।
- ৪। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.২৫.৩০২৮/১ (৭)

তারিখ: ৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ/বরিশাল।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক .....।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ব্যবস্থাপক, ..... সিএসডি।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি।



২৩-০১-২০২৫  
মোঃ আনিষুর রহমান  
সহকারি উপপরিচালক